Lens Asia

৩০ জুন, ২০২৬

# সংসদে পাস হলো অনলাইন বেটিংয়ে জেল-জরিমানার বিল



সংসদ অধিবেশন। ছবি: সংগৃহীত

অনলাইন জুয়া, বেটিং, ম্যাচ ফিক্সিং ও স্পট ফিক্সিং প্রতিরোধে ‘জুয়া প্রতিরোধ বিল, ২০২৬’ জাতীয় সংসদে পাস হয়েছে। নতুন আইনে অনলাইন বেটিং, দূরবর্তী জুয়া এবং ভিপিএন বা মিরর সাইট ব্যবহার করে পরিচালিত জুয়ার বিরুদ্ধে কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে।

মঙ্গলবার (৩০ জুন) সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বিলটি উত্থাপন করেন। বিরোধী দলের সংশোধনী ও জনমত যাচাইয়ের প্রস্তাব কণ্ঠভোটে নাকচ হওয়ার পর বিলটি পাস হয়।

নতুন আইন অনুযায়ী, অনলাইন বেটিংয়ের অপরাধে সর্বোচ্চ সাত বছরের কারাদণ্ড বা পাঁচ কোটি টাকা পর্যন্ত অর্থদণ্ড, অথবা উভয় দণ্ড দেওয়া যাবে। অনলাইন বা দূরবর্তী জুয়ার ক্ষেত্রে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড কিংবা এক কোটি টাকা পর্যন্ত জরিমানার বিধান রাখা হয়েছে।

এ ছাড়া ম্যাচ ফিক্সিং ও স্পট ফিক্সিংয়ের জন্য সর্বোচ্চ সাত বছরের কারাদণ্ড বা এক কোটি টাকা পর্যন্ত অর্থদণ্ডের বিধান রয়েছে। সাধারণ জুয়ার অপরাধে সর্বোচ্চ দুই বছরের কারাদণ্ড, দুই লাখ টাকা পর্যন্ত জরিমানা বা উভয় দণ্ড দেওয়া যাবে।

বিদ্যমান পাবলিক গ্যাম্বলিং অ্যাক্ট, ১৮৬৭ বাতিল করে নতুন আইনটি প্রণয়ন করা হচ্ছে। এতে অনলাইন জুয়া, বেটিং, বাজিকর, ম্যাচ ফিক্সিং, স্পট ফিক্সিংসহ ২৪টি বিষয়ের সংজ্ঞা নির্ধারণ এবং অপরাধের ধরন অনুযায়ী ১৪ ধরনের শাস্তির বিধান রাখা হয়েছে।